ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৮৩

আগরতলা,১৭ জানুয়ারি,২০২৫

# তকশা পাড়ায় প্যালিয়েটিভ কেয়ারের অধীন স্বাস্থ্য পরিষেবা




শারীরিকভাবে চলাফেরা করতে অক্ষম বয়স্ক নাগরিকদের বাড়িতে গিয়ে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিচ্ছেন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। সিপাহীজলা জেলার তকশা পাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের একটি মেডিক্যাল টিম গত ১৬ জানুয়ারি এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে প্রায় সাড়ে তিন কিলোমিটার দূরবর্তী এলাকায় তকশা পাড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ৩ নং ওয়ার্ড এলাকায় যান।সেখানে চিকিৎসক ডাঃ বিপ্লব কান্তি দাস, প্রফুল্ল দেবনাথ নামে ৮০ বছর বয়সি একজন বৃদ্ধার বাড়িতে গিয়ে তার শারীরিক অবস্থা পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। তিনি দীর্ঘদিন যাবৎ প্যারালাইসিস হয়ে বিছানায় শয্যাশায়ী রয়েছেন। এদিন মেডিক্যাল টিম একই ওয়ার্ডের বাসিন্দা শুকলাল বিশ্বাস নামে ৭০ বছর বয়সি এক বৃদ্ধের বাড়িতে যান। স্ট্রোক হওয়ার ফলে প্রায় দুই বছর ধরে শারীরিক অসুস্থতায় ভুগছিলেন।স্বাস্থ্যকর্মীরা তার স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। এদিকে এদিন তকশা পাড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ৪ নং ওয়ার্ড এলাকায়ও স্বাস্থ্যকর্মীরা যান।সেখানে হাস্যবালা দত্ত নামে ৮০ বছর বয়স একজন বৃদ্ধার বাড়িতে গিয়ে তার শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা রোগীদের মধ্যে যারা কিছুটা চলাফেরা করতে সক্ষম, তাদের দৈনিক হাঁটা ও স্বাস্থ্যসম্মত ব্যায়াম করার চেষ্টা চালিয়ে যাওয়ার জন্য পরামর্শ প্রদান করেন।উক্ত মেডিকেল টিমে ছিলেন তকশা পাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডাঃ বিপ্লব কান্তি দাস, এমপিডব্লিও দশমণি দেববর্মা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****